দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JAN 1990
পৃষ্ঠা 2 কলাম 7

৩৫

## শিক্ষকদের বেতন-ভাতা

সমগ্র বাংলাদেশের বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শ্রদ্ধেয় শিক্ষকমণ্ডলী গত অক্টোবর মাস হইতে তাঁহাদের মূল বেতনের ৭০% সরকারী অনুদান ও ১০% মহার্ঘ ভাতা পাইতেছেন না। মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের চেক হস্তান্তরের ঘোষণার পরও দুই মাস অতিবাহিত হইল, এখনও পর্যন্ত উক্ত টাকার কোন খবর নাই। যাহাদের বেতনের ৮০% ভাগ আজ তিন মাস যাবৎ দেওয়া হইতেছে না, তাঁহারা এই দুর্দিনে পরিবার-পরিজন লইয়া কিভাবে কালাতিপাত করিতেছেন তাহা কেহ ভাবিয়া দেখিয়াছেন কি?

—মোঃ মোনাব্বের হোসেন,
প্রভাষক, নাজিরহাট কলেজ, চট্টগ্রাম।